



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথী নং-১৮/মাধ্য:/সনদ/২০১৫/ ৭২৮

তারিখঃ ১৪/০৮/২০২২

বিষয়ঃ ২০২১ সালের এস এস সি পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০২১ সালের এস এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্ন বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ২১/০৮/২০২২ ইং তারিখ হতে ০৭/০৯/২০২২ইং পর্যন্ত।
সময় : সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত।
সনদ বিতরণের স্থান : ৪ নং ভবনের ০৬ তলা (লিফটের-৫)।

জেলাওয়ারী বিতরণের তারিখঃ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	নারায়নগঞ্জ	২১/০৮/২০২২
০২।	গোপালগঞ্জ	২২/০৮/২০২২
০৩।	শরীয়তপুর	২৩/০৮/২০২২
০৪।	ফরিদপুর	২৪/০৮/২০২২
০৫।	ঢাকা জেলা	২৫/০৮/২০২২
০৬।	টাংগাইল	২৮/০৮/২০২২
০৭।	গাজীপুর	২৯/০৮/২০২২
০৮।	রাজবাড়ী	৩০/০৮/২০২২
০৯।	মাদারীপুর	৩১/০৮/২০২২
১০।	কিশোরগঞ্জ	০১/০৯/২০২২
১১।	মুন্সিগঞ্জ	০৪/০৯/২০২২
১২।	নরসিংদী	০৫/০৯/২০২২
১৩।	মানিকগঞ্জ	০৬/০৯/২০২২
১৪।	ঢাকা মহানগর	০৭/০৯/২০২২

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সিদ্ধান্তের কপিসহ (সরকারী স্কুল ও কলেজ ব্যতীত) মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না।

স্বাঃ-


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

ফোন নং-৯৬৬৯৮১৫

 ১৪/০৮/২০২২

মোঃ হেলাল উদ্দিন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(সনদ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।